


পায়রায় ভিড়ল ৩৭ হাজার ৮০০ মেট্রিক টন কয়লাবাহী জাহাজ

নিজস্ব সংবাদদাতা, কলাপাড়া, পটুয়াখালী ॥ দেশের তৃতীয় সমুদ্রবন্দর পায়রায় ভিড়ল ৩৭ হাজার ৮০০ মেট্রিক টন কয়লাবাহী জাহাজ। মার্শাল আইল্যান্ডের পতাকাবাহী অরুণা ছলায়া নামের এই বিদেশী জাহাজটি বৃহস্পতিবার বন্দরের ইনার অ্যাঙ্করে নোঙর করেছে। এই প্রথম ১০ দশমিক দুই মিটার গভীরতার জাহাজ ইনার অ্যাঙ্করে নোঙর করল। বর্তমানে সাড়ে দশ মিটার গভীরতম জাহাজ ইনার অ্যাঙ্করে নোঙরের সক্ষমতা রয়েছে। পায়রা বন্দরের উপ-পরিচালক (ট্রাফিক) আজিজুর রহমান বিষয়টি নিশ্চিত করেন। এই (২ পৃষ্ঠা ও কঃ দেখুন)



পায়রায় ভিড়ল

(প্রথম পৃষ্ঠার পর)

প্রথম ইনার অ্যাঙ্করে সবচেয়ে বেশি গভীরতম জাহাজ পণ্য নিয়ে ভিড়ল। এটি এ বন্দরের জন্য আরেকটি নতুন ইতিহাস। গত ২৬ মার্চ, স্বাধীনতা দিবসে পায়রা বন্দরের ৭৫ কিলোমিটার দীর্ঘ রাবনাবাদ চ্যানেলের নাব্যতা সাড়ে দশ মিটার ঘোষণা দেওয়া হয়। বর্তমানে এই চ্যানেলটি দেশের সবচেয়ে বেশি গভীরতম চ্যানেল বলে পায়রা বন্দর কর্তৃপক্ষের দাবি। বন্দর সূত্রে জানা গেছে, এখন নিয়মিত বড় জাহাজ পণ্য নিয়ে এ বন্দরে ভিড়বে। সাড়ে ছয় হাজার কোটি টাকা ব্যয় বেলজিয়ামের জান ডে


নীতির প্রবেশ আপোসহীন

দৈনিক

জানকান্ঠ

প্রতিষ্ঠাতা মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ

The Daily Janakantha



লুন ড্রেজিং প্রতিষ্ঠান এই চ্যানেলের ক্যাপিটাল ড্রেজিংয়ের কাজ সম্পন্ন করে। অনেক গবেষণা ও সমীক্ষার পর এ চ্যানেলটি গভীরতম চ্যানেলে পরিণত হয়। ফলে আগামীতে ৬০ হাজার মেট্রিকটন বোঝাই প্যানাম্যাক্স জাহাজ সরাসরি বন্দরের টার্মিনালে ভিড়তে পারবে বলে জানান বন্দর কর্তৃপক্ষ। চ্যানেলটির নিয়মিত রক্ষণাবেক্ষণ ও ড্রেজিং কাজ ২০২৪ সাল পর্যন্ত চলমান থাকছে। সরাসরি মাদার ভ্যাসেল থেকে কয়লা খালাসের সুযোগে পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্রের কয়লা পরিবহন ব্যয় বহুগুণে কমবে বলে জানা গেছে।